

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর ৩৮.০১.০০০০.০০০.৯০০.৯৯.০০১৪.২৬-৬২০

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

বিষয়: বদলি/সংযুক্তির আদেশের প্রেক্ষিতে যোগদানকৃত শিক্ষকগণের তথ্য হালনাগাদকরণ।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭-৩৫০ তারিখ ২১ জুন ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারক মোতাবেক গঠিত কমিটির মাধ্যমে বর্তমানে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে শিক্ষক বদলি ও পদায়ন কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে বিভিন্ন পর্যায়ে হতে বেশকিছু বদলি/সংযুক্তির আদেশ জারি করা হয়েছে। কিন্তু আদেশের প্রেক্ষিতে যোগদানকৃত শিক্ষকগণের তথ্য Integrated Primary Education Management System (IPEMIS) এ হালনাগাদ না করায় নানাবিধ প্রশাসনিক জটিলতা তৈরি হচ্ছে। উল্লেখ্য যে, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং বিভাগীয় উপপরিচালকগণ তাঁদের স্ব স্ব আইডি ব্যবহার করে IPEMIS এ লগইন করে স্ব স্ব অধিক্ষেত্রের শিক্ষকগণের বদলি/সংযুক্তির তথ্য হালফিল করতে পারবেন এবং বদলি/সংযুক্তির আদেশ সংক্রান্ত যে কোন জটিলতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি এবং অপারেশন বিভাগের সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০২। বর্ণিতাবস্থায়, বদলি/সংযুক্তির আদেশের প্রেক্ষিতে যোগদানকৃত শিক্ষকদের তথ্য সংলাগে উল্লেখিত ধাপ অনুসরণ করে IPEMIS এ অনতিবিলম্বে যোগদানকৃত শিক্ষকগণের তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনানুগ- ০১ (এক) পৃষ্ঠা।



(মোহাম্মদ শহিদুল ইসলাম)

পরিচালক (যুগ্মসচিব)

তথ্য ও ব্যবস্থাপনা বিভাগ

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ;

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক (পলিসি ও অপারেশন বিভাগ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

২। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। অফিস কপি।

অফলাইনে শিক্ষক বদলি/সংযুক্তি এর জারিকৃত আদেশসমূহ IPEMIS এ বাস্তবায়ন বা বদলি/সংযুক্তি এর জন্য আদেশ প্রাপ্ত শিক্ষকের ডাটা/তথ্যসমূহ বদলি/সংযুক্তিকৃত বিদ্যালয়ে শূণ্যপদের বিপরীতে (সংযুক্তির জন্য শূণ্য পদের প্রয়োজন নেই) স্থানান্তরকরণের নিয়মাবলীঃ

১) অন্তঃউপজেলা(একই উপজেলার মধ্যে) বা আন্তঃউপজেলা(একই জেলার মধ্যে) এর অফলাইন বদলি/সংযুক্তি এর ক্ষেত্রে শিক্ষক ডাটা স্থানান্তর IPEMIS এ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর ইউজার হতেই কার্যক্রম সম্পাদন করতে হবে।

২) অন্তঃবিভাগ(একই বিভাগের মধ্যে) এর অফলাইন বদলি/সংযুক্তি এর ক্ষেত্রে শিক্ষক ডাটা স্থানান্তর IPEMIS এ বিভাগী উপপরিচালক তাঁর ইউজার হতেই কার্যক্রম সম্পাদন করতে হবে।

৩) জাতীয় পর্যায়ে বা বিভাগ পরিবর্তন হলে(এক বিভাগ হতে অন্য বিভাগের মধ্যে) এর অফলাইন বদলি/সংযুক্তি এর ক্ষেত্রে IPEMIS এ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার ইউজার হতেই কার্যক্রম সম্পাদন করতে হবে।

IPEMIS এ কার্যক্রম সম্পাদনের প্রক্রিয়াঃ

- ⇒ প্রথমে সংশ্লিষ্ট ইউজারকে (DPEO/DD/DPE) IPEMIS এর লাইভ সার্ভারে লগইন করতে হবে।
- ⇒ IPEMIS এর ড্যাশবোর্ড বা উপরে ডানপাশে সিক্স [] ডট এ ক্লিক করে “শিক্ষক ব্যবস্থাপনা” এ যেতে হবে।
- ⇒ “শিক্ষক ব্যবস্থাপনা” এর সাব মেন্যু “শিক্ষক স্থানান্তর” এ ক্লিক করতে হবে।
- ⇒ “শিক্ষক স্থানান্তর” উইনডো হতে শিক্ষকের জন্য জারিকৃত আদেশ দেখে একশনের ধরণ ড্রপ-ডাউন হতে (বদলিকৃত/সংযুক্তি/সংযুক্তি বাতিল) নির্বাচন করতে হবে। বদলির ক্ষেত্রে শিক্ষকের তথ্যে যে শিক্ষককে বদলি করতে হবে সংশ্লিষ্ট শিক্ষককে নির্বাচন বাটনে ক্লিক করে (Search Option) এ শিক্ষকের মোবাইল নম্বর/পিন নম্বর অথবা অ্যাডভান্সড ফিল্টার করে নির্বাচন করতে হবে। তারপর বদলির স্থান বিদ্যালয়ের নাম নির্বাচন বাটনে ক্লিক করে (Search Option) বদলিকৃত বিদ্যালয়ের ৬ ডিজিটের কোড/নাম অথবা অ্যাডভান্সড ফিল্টার করে নির্বাচন করতে হবে। বদলির তথ্যে সংশ্লিষ্ট শিক্ষকের বদলিকৃত বিদ্যালয়ে যোগদানের তারিখ, জারিকৃত পত্রের স্মারক নম্বর, স্মারকের তারিখ এবং বদলির জন্য জারিকৃত পত্রের স্ক্যান কপি (২ এমবি এর মধ্যে হতে হবে) তথ্যসমূহ যুক্ত করে এগিয়ে যান বাটনে ক্লিক করে কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ⇒ বিশেষ দ্রষ্টব্যঃ ১. বদলির আদেশ বাস্তবায়নের জন্য শিক্ষকের ডাটা স্থানান্তরের ক্ষেত্রে IPEMIS এ বদলিকৃত বিদ্যালয়ে শিক্ষকের জন্য অবশ্যই শূণ্যপদ থাকতে হবে। ২. সংযুক্তির আদেশ বাস্তবায়নের জন্য শিক্ষকের ডাটা সংযুক্তিকৃত বিদ্যালয়ে যুক্তকরণের ক্ষেত্রে IPEMIS সংযুক্তি প্রদানকৃত বিদ্যালয়ে শিক্ষকের জন্য কোন শূণ্যপদের প্রয়োজন নেই। ৩. IPEMIS এ যে সকল শিক্ষককে ইতোপূর্বে সংযুক্তি প্রদান করা হয়েছে এবং পুনরায় অন্য কোন বিদ্যালয়ে তাঁর ডাটা স্থানান্তর করার প্রয়োজন হয় সে ক্ষেত্রে অবশ্যই আগে তাঁর IPEMIS এ বদলির মত একই প্রক্রিয়া অনুসরণ করে সংযুক্তি বাতিল করতে হবে।

 ০৭/০০/২০২৬

 ০৭.০০.২০২৬